# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ২. বাইবেলীয় পুস্তকগুলোর যুদ্ধকেন্দ্রিকতা / ৯. ২. ১. যাত্রাপুস্তক

বাইবেলের দ্বিতীয় পুস্তক ‘যাত্রাপুস্তক’ প্রসঙ্গে গ্যারি ডেভানি লেখেছেন:

“EXODUS EXPLAINED: PARABLE: Imagine you have no home of your own. A "STRANGER" authoritatively tells you that he has chosen you and that he will give you a home of your own. You want to believe him. He takes you to a distant land and points out a house to you. He now says, "There is the home I give you." You look and you see people in the house. He says, "Now, you go into that house and kill every man, woman and child in that house or I will do to you what I thought to do to them." This is the Exodus story. How do you like it? How do you like the Biblical God now? What if the Biblical God gave your, your wife's and your children's house to His new chosen?”

“যাত্রাপুস্তকের ব্যাখ্যা: দৃষ্টান্ত। কল্পনা করুন, আপনার নিজের কোনো বাড়ি নেই। একজন নবাগত ব্যক্তি কর্তৃত্বপূর্ণভাবে বললেন যে, তিনি আপনাকে নিজের জন্য মনোনীত করেছেন এবং তিনি আপনাকে আপনার নিজের জন্য একটা বাড়ি প্রদান করবেন। আপনি তাকে বিশ্বাস করতে চাইলেন। তিনি আপনাকে অনেক দূরের একটা দেশে নিয়ে গিয়ে একটা বাড়ি আপনাকে দেখালেন। এরপর তিনি বললেন: “এ বাড়িটাই তোমাকে প্রদান করলাম।” আপনি তাকিয়ে দেখলেন যে, বাড়িটার মধ্যে মানুষজন বসবাস করছে। তখন তিনি বললেন: “এখন তুমি বাড়িটাতে প্রবেশ কর এবং বাড়ির মধ্যে বিদ্যমান সকল নারী, পুরুষ ও শিশুকে হত্যা কর। যদি তা না কর তবে তাদের যে পরিণতির কথা আমি চিন্তা করেছিলাম সে পরিণতি তোমারই হবে।” এটাই যাত্রাপুস্তক/ হিজরত-এর গল্প। আপনি এটাকে কেমন পছন্দ করছেন? বাইবেলীয় ঈশ্বরকে আপনি এখন কী পরিমাণ ভালবাসছেন? যদি বাইবেলীয় ঈশ্বর এখন আপনার, আপনার স্ত্রীর ও আপনার সন্তানদের বাড়িটাকে তার নতুন কোনো মনোনীতকে এভাবে দান করেন তবে আপনার কেমন লাগবে?”[1]

### ফুটনোট

[1] Exodus: http://www.thegodmurders.com/id29.html

Source — https://www.hadithbd.com/books/link/?id=14519

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন